**PRIVATE & CONFIDENTIAL**

# নিরপেক্ষ নিরীক্ষকের প্রতিবেদন

৩০ শে জুন, ২০২২ ইং তারিখে সমাপ্ত অর্থ বৎসরের

প্যাকেজ নং ঃ এস-১১/এলজিএসপি-৩

| | |
|---|---|
| ইউনিয়ন পরিষদের নাম | : ০৫ নং বালিয়াকান্দি সদর ইউনিয়ন পরিষদ |
| এলজিডি আইডি নং | : ৩৮২০৭১৯ |
| উপজেলার নাম | : বালিয়াকান্দি |
| জেলার নাম | : রাজবাড়ী |

চুক্তিপত্র নং- ৪৬.০০.০০০০.০১৮.০৭.০৯৮.২০২০-১১ তারিখঃ ০৬.০৫.২০২১


**J.U. AHMED & CO.**

CHARTERED ACCOUNTANTS

DHAKA

## ০৫ নং বালিয়াকান্দি সদর ইউনিয়ন পরিষদ, উপজেলা ঃ বালিয়াকান্দি, জেলা ঃ রাজবাড়ী

## নিরপেক্ষ নিরীক্ষকের প্রতিবেদন

আমরা এজেন্সকে ০৫ নং বালিয়াকান্দি সদর ইউনিয়ন পরিষদের ৩০ শে জুন, ২০২২ ইং সমাপ্ত অর্থ বছরের বার্ষিক আর্থিক বিবরণীসমূহ নিরীক্ষা করেছি, যার মধ্যে রয়েছে উক্ত অর্থ বছরে ০৫ নং বালিয়াকান্দি সদর ইউনিয়ন পরিষদের প্রাপ্তি ও প্রদান বিবরণী, হিসাব সংক্রান্ত গুরুত্বপূর্ণ পদ্ধতির সারমর্ম ও অন্যান্য ব্যাখ্যায়িত তথ্য। এ আর্থিক বিবরণীটি নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষের এবং এগুলোকে প্রস্তুত করার দায়-দায়িত্ব ইউনিয়ন পরিষদ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের। আর্থিক নিরীক্ষার সময় 'ইউনিয়ন পরিষদ অপারেশনাল ম্যানুয়েল' (প্রকাশকাল: সেপ্টেম্বর, ২০১৮) এর সাথে ইউনিয়ন পরিষদের কার্যক্রম সংগতিমূলক কি না তাহা যাচাই করা হয়েছে। শর্তানুসারে ইউনিয়ন পরিষদের আর্থিক, বাস্তব অবস্থা ও অন্যান্য বিষয়াদি নিরীক্ষা শেষে নিম্নে নিরীক্ষা মতামত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপস্থাপন করা হল।

**নিরীক্ষা মতামত: শর্তযুক্ত**

০৫ নং বালিয়াকান্দি সদর ইউনিয়ন পরিষদের ৩০ শে জুন, ২০২২ এ সমাপ্ত অর্থ বছরের প্রাপ্তি ও প্রদান সংক্রান্ত হিসাব বিবরণী স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর নিয়ম অনুসারে উপস্থাপিত হয়েছে এবং কার্যক্রম 'ইউনিয়ন পরিষদ অপারেশনাল ম্যানুয়েল' (প্রকাশকাল: সেপ্টেম্বর, ২০১৮) এর সাথে সংগতিপূর্ণ নয়। ইউনিয়ন পরিষদের আর্থিক ও বাস্তব অবস্থা নিরীক্ষা শেষে এবং প্রাপ্ত তথ্যের ভিত্তিতে অডিট টীম নিরীক্ষা প্রতিবেদনে শর্তযুক্ত মতামত প্রদান করছে।

যে সকল নিরীক্ষা প্রমাণপত্র পাওয়া গেছে তার মধ্য থেকে নিম্নে শর্তযুক্ত মতামতের স্বপক্ষে উপস্থাপিত হল। আমরা বিশ্বাস করি

**শর্তযুক্ত মতামতের ভিত্তি :**

১. নিজস্ব তহবিলের ৫০০ টাকার অধিক ব্যয়ের ক্ষেত্রে ক্রস চেক ব্যবহার করা হয় নি।

২. সরকারী বিধান থাকা সত্ত্বেও গ্রাম আদালত কার্যক্রম জোর দার নয়।

৩. ইউনিয়ন পরিষদে নোটিশ বোর্ড থাকলেও তা নিয়মিত হালনাগাদ করা হয়নি।

৪. নিজস্ব ব্যয়ের ক্ষেত্রে চেক ইস্যু রেজিষ্টার পাওয়া যায় নি।

৫. নিজস্ব ব্যয়ের ক্ষেত্রে চেক প্রদানের সময় মানি রিসিপ্ট সংগ্রহ করা হয় নি।

৬. তথ্যকেন্দ্র হতে মাসিক আয় ব্যয়ের বিবরণী পাওয়া যায় নি।



J. U. AHMED & CO. DHAKA